# [redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

---

# [redacted]

[redacted]

এ দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের গ্রাম গুলো তাদের ঈদুল-আজহার নামাজের সময় সুচি প্রকাশ করেছে।

আমঝুপি কেন্দ্রীয় ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, আমঝুপি উত্তরপাড়া গন্ধরাজপুর ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, আমঝুপি উত্তরপাড়া সকাল ৭.৩০ মিনিটে, আমঝুপি মীরপাড়া ঈদগায়ে সকাল ৭.৪৫ মিনিটে, খোকসা সেখপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, খোকসা কদমতলাপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, খোকসা মল্লিকপাড়া ঈদগায়ে সকাল ৭.০০ টায়, ইসলামনগর ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, হিজুলী ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, রঘুনাথপুর ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, রঘুনাথপুর ছটাঙ্গা ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, কোলা বাবুপাড়া ঈদগায়ে সকাল ৬ টায়, কোলা খালপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, কোলা নাটনাপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, কোলা কারিকরপাড়া ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, দফরপুর ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, চাঁদবিল ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে, চাঁদবিল আহলেহাদিস ঈদগায়ে সকাল ৬ টায়, ময়ামারী ঈদগায়ে সকাল ৭.৩০ মিনিটে ঈদুল-আজহার নামাজ অনুষ্ঠিত হবে।

এর আগে উল্লেখিত গ্রাম গুলির ঈদগাহ কমিটির সভাপতি/ সাধারণ সম্পাদক বলেন, প্রতি বছরের ন্যায় এবারও আমরা সকলে কাঁধে কাঁধে মিলিয়ে ঈদগাহে একযোগে নামাজ আদায় করবো ও দেশবাসীর মঙ্গলের জন্য আল্লাহ্ কাছে দোয়া করবো।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে অভিভাবক ও মা সমাবেশ অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, মান সম্মত শিক্ষা ও ঝরে পড়া রোধকল্পে শিশুদের বিদ্যালয়ে আনন্দ মুখর ও অনিয়মিত দুর করতে এবং বাল্যবিবাহ এবং ইভটিজিং প্রতিরোধে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের ময়ামারি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অভিভাবক ও মা সমাবেশ অনুষ্ঠিত হয়।

আজ মঙ্গলবার সকাল ১০ টার সময় বিদ্যালয়ে অধ্যায়নরত ছাত্র-ছাত্রীদের মায়েদের নিয়ে অভিভাবক ও মা সমাবেশ অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন উক্ত বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি মোকলেচুর রহমান (লাল্টু)।

অনুষ্ঠানে বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, জন প্রতিনিধি, এস এম সি ও ওয়াচ গ্রুপ, যুব ফোরাম সহ অভিভাবকগণ উপস্থিত ছিলেন।

সভায় অভিভাবকদের দায়-দায়িত্ব ও করণীয়, বাল্যবিবাহ ও ইভটিজিং প্রতিরোধে আলোচনা রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা। এছাড়া বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহা: ওয়াহেদুল ইসলাম, এস.এম.সি সভাপতি মো: মকলেচুর রহমান ও যুব ফোরামের সদস্যগণ গুরুত্বপূর্ন বক্তব্য রাখেন।

গণসাক্ষরতা অভিযান এর সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে বিভিন্ন শ্রেণী পেশার অভিভাবক সহ ৬০ জন উপস্থিত ছিলেন সঞ্চারনায় ছিলেন মানবাধীকার কর্মী মোছা: কাজল রেখা।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে শিশু বরণ অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মান সম্মত শিক্ষা ও ঝরে পড়া রোধ কল্পে শিশুদের বিদ্যালয়ে আনন্দ মুখর ও অনিয়মিত দুর করতে মেহেরপুর সদর উপজেলার রঘুনাথপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিশু বরণ অনুষ্ঠান অনুষ্ঠিত
হয়।

আজ রবিবার সকাল ১০ টার সময় প্রাক প্রাথমিক এবং অন্যান্য শ্রেনীতে ভর্তিকৃত ছাত্র ছাত্রীদের নিয়ে শিশুবরণ অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগীতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের আয়োজনে উপস্থিত ছিলেন বিদ্যালয়ের শিক্ষকবৃন্দ, জন প্রতিনিধি, এস এম সি ও ওয়াচ গ্রুপ সদস্য সহ অভিভাবকগণ।

এসময় অভিভাবকদের দায়-দায়িত্ব ও করণীয় সম্পর্কে বিশদ আলোচনা রাখেন প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

এছাড়া বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো: মিজানুর রহমান, ইউপি ও ওয়াচ সদস্য আব্দুল মজিদ এবং এস.এম.সি ও যুব ফোরামের সদস্যগণ গুরুত্বপূর্ন বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে নবীন শিশুদের ফুল দিয়ে ও মিষ্টি মুখ করে বরন করে নেওয়া হয় এবং প্রত্যেক শিশুর হাতে বিশেষ উপহার তুলে
দেওয়া হয়।

মেহেরপুরের আমঝুপি ইউনিয়নে প্রফেসর আব্দুল মান্নানের পথসভা

মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের পথসভা অনুষ্ঠিত হয়।

আজ শুক্রবার রাতে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নানের ট্রাক প্রতীকের পথসভা অনুষ্ঠিত হয়।

পথসভায় উপস্থিত ছিলেন মেহেরপুর-১ আসনের মনোনীত স্বতন্ত্র প্রার্থী প্রফেসর আব্দুল মান্নান।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি এ্যাড. মিয়াজান আলী, মেহেরপুর জেলা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রির সভাপতি ও জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান

গোলাম রসুল, মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি আব্দুল মান্নান (ছোট), মেহেরপুর জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদক এম এ এস ইমন, মেহেরপুর জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, মেহেরপুর সদর উপজেলা পরিষদের সাবেক ভাইস চেয়ারম্যান আব্দুল মালেক মোল্লা, বঙ্গবন্ধু সৈনিকলীগের কেন্দ্রীয় কমিটির সম্পাদক মন্ডলীর সদস্য এ্যাড. আমজাদ আলী, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সভাপতি চমন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক ও মেহেরপুর জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক জুয়েল রানা, আমঝুপি ইউনিয়ন যুবলীগের সাবেক সভাপতি নাছিম সহ বিভিন্ন নেতা কর্মীরা উপস্থিত ছিলেন।

বর্তমান সরকার কৃষিতে বিপ্লব ঘটিয়েছে –জনপ্রশাসন প্রতিমন্ত্রী

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, ২০০১ থেকে ২০০৬ সালে বিঘাপ্রতি থেকে ৭ মনের বেশি ধান পাওয়া যেতনা। আজকে উন্নত বিজের মাধ্যমে ৩০ মন পর্যন্ত ধান পাওয়া যাচ্ছে। আজ গ্রাম শহরে পরিণত হয়েছে। গ্রামে বসেই মানুষ শহরের সকল সুবিধা পাচ্ছে। যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের কারণে কৃষি ফসল মাঠ থেকে ট্রাকে করে দেশের বিভিন্ন স্থানে পাঠানো যায়। এর ফলে কৃষিতে ব্যাপক বিপ্লব ঘটেছে।

বৃহস্পতিবার বিকালে আমঝুপি বালক সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে আমঝুপি ইউনিয়ন কৃষকলীগের ত্রি-বার্ষিক সম্মেলনে এ কথা বলেন।

ফরহাদ হোসেন বলেন, আজ সারা বাংলাদেশে পরিবর্তন ঘটে গেছে। ২০০৮ সালের আগে দেশে সারের যে অব্যবস্থাপনা ছিলো। কৃষকরা ঠিক মত সার পাচ্ছিলেন না, ৬০ টাকা কেজি ইউরিয়া সার কিনেছেন। এমওপি পাওয়া যাচ্ছিলো না। ৯০ টাকা কেজি দরে এমওপি কিনতে হতো। ২০০৮ সালের ২৯

ডিসেম্বরের নির্বাচনের মধ্যে দিয়ে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান বাংলাদেশ কৃষিতে খাদ্য উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ রাষ্ট্রে পরিণত হয়েছে। আওয়ামী লীগ সরকার কৃষি বান্ধব সরকার।

আমঝুপি ইউনিয়ন কৃষক লীগের আহ্বায়ক মাহবুবুল হকের সভাপতিত্বে সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা কৃষক লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মাহবুব আলম শান্তি, সাংগঠনিক সম্পাদক নাজমুল ইসলাম পানু, মেহেরপুর জেলা আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক এ্যাডভোকেট ইব্রাহিম শাহিন, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও আমঝুপি ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন আহমেদ চুন্নু, সাধারণ সম্পাদক ও বাড়াদী ইউনিয়নের চেয়ারম্যান মোমিনুল ইসলাম।

সম্মেলনে প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক ওয়াসিম সাজ্জাদ লিখন।

সম্মেলন শেষে মুক্তিযোদ্ধা মাহবুবুল হককে সভাপতি এবং সাদ আলীকে সাধারণ সম্পাদক করে আমঝুপি ইউনিয়ন কৃষক লীগের কমিটি ঘোষণা করা হয়।